



ফোন: ৯১৩৮৮৭৮, ফ্যাক্স: ৯১৩০০০৬, ই-মেইল: [bsmnovotheatre@yahoo.com](mailto:bsmnovotheatre@yahoo.com) ওয়েবসাইট: [www.novotheatre.gov.bd](http://www.novotheatre.gov.bd), <http://novotheatre.portal.gov.bd>

“বিনোদনের মাধ্যমে শিক্ষা”

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিজয় সরণি, তেজগাঁও, ঢাকা-১২১৫।

### বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের জুলাই ২০১৫ মাসে ইনোভেশন টিমের ৩য় সভার কার্যবিবরণী:

ইনোভেশন অফিসার: নায়মা ইয়াসমীন

উপ-পরিচালক/ কিউরেটর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

তারিখ : ২৪.০৭.২০১৫ তারিখ বার

সময় : অপরাহ্ন ৪:০০ ঘটিকা

স্থান : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার-এর সভাকক্ষ

সভায় উপস্থিতি: পরিশিষ্ট-‘ক’

নভোথিয়েটারের ইনোভেশন অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভায় মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন অনুযায়ী ইনোভেশন টিমের কার্যপরিধি এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে আলোচনা করেন। সৃজনশীল চর্চা ও সংস্কৃতি ক্ষেত্র গড়ে তোলা আইসিটি ও সকল উদ্ভাবনী কার্যক্রমে ব্যাপকতা বৃদ্ধির মাধ্যমে সরকারি কাজকর্মে উদ্ভাবনকে উৎসাহিত করা, প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিমের সদস্যগণকে স্ব স্ব কাজে কর্মস্পৃহা বিকাশ সাধনের বিষয়ে আলোচনা করা হয়। সভায় নভোথিয়েটারের সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন এবং সম্ভাব্য সকল সেবাকে ই-সেবায় রূপান্তরের বিষয়ে আলোচনা করা হয়।

সভায় আলোচনা হয় যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার-এ ই-সেবা হিসাবে ই-টিকেটিং চালু আছে এবং নভোথিয়েটারের সকল প্রদর্শনী ও রাইড উপভোগের জন্য অত্যাধুনিক কম্পিউটারাইজড টিকেটিং ব্যবস্থা স্থাপন করা হয়েছে। তাছাড়া ই-সেবা কার্যক্রম হিসাবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার-এ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অনুমোদনের প্রেক্ষিতে বিটিসিএল এর মাধ্যমে ইন্টারনেট সংযোগ নেয়া হয়েছে। নভোথিয়েটারের প্রশাসনিক এলাকায় WiFi করা হয়েছে। পর্যায়ক্রমে নভোথিয়েটারের প্লানেটেরিয়াম এবং এক্সিবিটস এরিয়ায় WiFi স্থাপন করা হবে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার-এর ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ রাখা অব্যাহত রয়েছে। নভোথিয়েটারের ওয়েবসাইট ন্যাশনাল পোর্টালের অধীনে সংযুক্ত করা হয়েছে এবং সরকারি সেবা প্রদান ও সকল শ্রেণির জনগণের সম্পৃক্ততা ঘটানোর জন্য নভোথিয়েটারের ফেসবুক আইডি খোলা হয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার-এর সকল কর্মকর্তা-কর্মচারীদের পর্যায়ক্রমে ই-মেইল প্রশিক্ষণ চালু করা হবে।

বিস্তারিত আলোচনার পর সভার সুপারিশ নিম্নরূপ:

সিদ্ধান্ত:

১। মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন অনুযায়ী ইনোভেশন টিম কার্যক্রম গ্রহণ করবে।

(নায়মা ইয়াসমীন)

উপ-পরিচালক/কিউরেটর

ও

ইনোভেশন অফিসার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার